

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
 সাঘাটা, গাইবান্ধা
www.saghata.gaibandha.gov.bd

উপজেলা আইসিটি কমিটির সেপ্টেম্বর/২০২৩ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ ইসাহাক আলী
 উপজেলা নির্বাহী অফিসার, সাঘাটা, গাইবান্ধা
 তারিখঃ ২০/০৯/২০২৩ খ্রিঃ
 সময়ঃ সকাল ১২.০০ ঘটিকা
 স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাঘাটা, গাইবান্ধা

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট-‘ক’।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার অনুরোধ জানান। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ/নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্যঃ সভায় উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। সভাপতি জানান যে, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ওয়েব পোর্টালে তথ্য আপলোড করার জন্য প্রত্যেক অফিসের পৃথক পৃথক ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হয়েছে। সংশ্লিষ্ট অফিসের আইডি থেকে বিভ্রান্তিমূলক/ বিব্রতকর / অসংলগ্ন/ সরকারের ভাবমূর্তি ক্ষুন্ন হয় এমন তথ্য আপলোড হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট অফিসের উপর বর্তাবে।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা ও ইউনিয়ন পোর্টাল সমূহের তথ্য স্ব স্ব প্রতিষ্ঠানকে নিয়মিতভাবে বাংলা ও ইংরেজিতে আপলোড করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। ২. কালক্ষেপন না করে জরুরিভিত্তিতে পাসওয়ার্ড পরিবর্তন/ রিসেট/ প্রোফাইল আপডেট করতে হবে।	স্বঃ স্বঃ সরকারি প্রতিষ্ঠান সমূহের অফিস প্রধান ও উদ্যোক্তা, সকল ইউ/পি, সাঘাটা, গাইবান্ধা
০২	ই-নথি/ডি নথি বিষয়ক কার্যক্রমঃ সভায় উপজেলার স্ব স্ব সরকারি প্রতিষ্ঠান সমূহে ই-নথির ব্যবহার বিষয়ে আলোচনা হয়।	বিস্তারিত আলোচনান্তে উপজেলার স্ব স্ব সরকারি প্রতিষ্ঠান সমূহে ই-নথির ব্যবহার বাড়াতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	স্বঃ স্বঃ সরকারি প্রতিষ্ঠান সমূহের অফিস প্রধান
০৩	শেখ রাসেল দিবস ২০২৩ঃ ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস। এ বিষয়ে আলোচনা হয়।	বিস্তারিত আলোচনান্তে সভাপতি বিজ্ঞপ্তিটি শিক্ষা প্রতিষ্ঠান সহ ওয়েব পোর্টাল এবং সোশ্যাল মিডিয়াতে প্রচারের এবং উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য নির্দেশনা প্রদান করেন।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সাঘাটা, গাইবান্ধা।
০৪	উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্তঃ সভায় উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। সভাপতি উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানসহ সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে আইসিটি মাসিক কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	সভাপতি উপজেলা আইসিটি কমিটি, সাঘাটা, গাইবান্ধা
০৫	শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শন প্রতিবেদন দাখিল বিষয়ক তথ্য সংক্রান্তঃ অত্র উপজেলায় মোট ৭+১৪= ২১ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপিত হয়েছে। আরও নতুন ৩৯ টি ল্যাব যাচাই বাচাই করার জন্য নির্দেশনা এসেছে। সভায় শিক্ষা প্রতিষ্ঠানে	বিস্তারিত আলোচনান্তে শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ, সুষ্ঠু পরিচালনার, রক্ষণাবেক্ষণ ও অপব্যবহার রোধকরণের জন্য সভাপতি নির্দেশনা	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সাঘাটা, গাইবান্ধা।